গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৪৬.২১. ৯৮৭ তারিখঃ ৭ /০৬/২০২২ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

মোঃ মোকলেসুর রহমান, পিতাঃ মোঃ সাহাব উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা গত ১৩/০৫/২০২০ খ্রিঃ তারিখ সরকারি চাকরিতে যোগদান করেন। তিনি ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ২৫/০১/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৪৬.২১.৫৯ নং স্মারকে তাকে কৈফিয়ত তলব করা হয়। তিনি অদ্যাবধি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেননি। তার দীর্ঘ দিনের কর্মস্থলে অনুপস্থিতির কারণে সরকারি হাসপাতালে সেবা প্রদানে বিঘ্নতার সৃষ্টি হচ্ছে। প্রতীয়মান হয় যে, তার এহেন কার্যকলাপ সরকারি দায়িত্ব পালনে চরম অবহেলার সামিল এবং তিনি শিক্ষানবিশকালে চাকরিতে বহাল থাকার অনুপযোগী।

২। অভিযুক্ত কর্মকর্তাকে সিনিয়র স্টাফ নার্স হিসেবে চাকরিতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান সংক্রান্তে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, নার্সিং সেবা-১ শাখার গত ০৭/০৫/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১৭২.১১.০২০.১৯-১৪০ নং স্মারকের প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলির ১(ছ) শর্ত মতে, শিক্ষানবিশকালে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত ও দায়িত্ব পালনে চরম অবহেলার কারণে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তিনি চাকরি হতে অপসারণ যোগ্য। এছাড়া সেবা পরিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ এর ৬(২)(ক) বিধি অনুযায়ী শিক্ষানবিশকালে অভিযুক্তের আচরণ ও কর্ম সন্তোষজনক না হওয়াতে তার চাকরি অবসান যোগ্য।

৩। এমতাবস্থায়, মোঃ মোকলেসুর রহমান, পিতাঃ মোঃ সাহাব উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ পৌলী, পোঃ বড়বাশালিয়া, উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল)-কে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ৩১/০৮/২০২০ খ্রিঃ হতে চাকরি থেকে অপসারণ করা হলো।

৭/৬/২২
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৪৬.২১. ৯৮৭/১(১৩) তারিখঃ ৭ /০৬/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপসচিব (নার্সিং সেবা-১/২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন,সেগুনবাগিচা, ঢাকা।
৭। পরিচালক (প্রশাসন/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
৯। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।
১১। প্রশাসনিক কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।
১২। মোঃ মোকলেসুর রহমান, পিতাঃ মোঃ সাহাব উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স (অপসারিত), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ মোঃ মোকলেসুর রহমান, পিতাঃ মোঃ সাহাব উদ্দিন, গ্রামঃ পৌলী, পোঃ বড়বাশালিয়া, উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল)
১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

7/6/22
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)